গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
শাখা-১২

স্মারক নং-২৫.০০.০০০০.০২৫.০১.০০৫.২৪- ১৭৭

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪৩০ / ২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ পূর্ত অডিট অধিদপ্তরের আধা-সরকারি পত্রের প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের ২০২১-২০২২ সনের এসএফআই অনুচ্ছেদের জবাব প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ১। পূর্ত অডিট অধিদপ্তরের আধা-সরকারি পত্র নং-৮২.০৯.০০০০.০০৭.৩৬.১৪৭.২৩.৯০৪, তারিখঃ ১৫/০২/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের আধা-সরকারি পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো (সংযুক্ত)। সূত্রোক্ত ডি,ও পত্রে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গণপূর্ত অধিদপ্তরের ২০২২-২০২৩ সনের ৫৩ টি এসএফআই অনুচ্ছেদ এর জবাব প্রদানের জন্য সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। ডি, ও পত্রে উল্লেখিত আধা-সরকারি পত্রে উল্লেখিত ৫৩ টি অডিট আপত্তির জবাব প্রেরণের জন্য মন্ত্রণালয়ের ০৫/০২/২০২৪ তারিখের ১৩২ সংখ্যক স্মারকে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয় এবং ইতোমধ্যে মন্ত্রণালয়ের ০১/০২/২০২৪ তারিখের ১১৯ সংখ্যক স্মারকে ০৩ টি অডিট আপত্তির জবাব ( আপত্তি নং-১২, ৩১ ও ৫০) এবং ২৫/০২/২০২৪ তারিখের ১৭২ সংখ্যক স্মারকে ০১ টি অডিট আপত্তির (আপত্তি নং-২৮(২)) জবাব সহ মোট ০৪ টি অডিট আপত্তির জবাব মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট চাহিত ৪৯ টি এসএফআই অডিট আপত্তির জবাব অদ্যাবধি পাওয়া যায়নি। আপত্তিগুলো জরুরী ভিত্তিতে মিমাংসা হওয়া প্রয়োজন।

২। বর্ণিত অবস্থায়, আধা-সরকারি পত্রের চাহিদা অনুযায়ী অবশিষ্ট ৪৯ টি এসএফআই অডিট আপত্তির ব্রডশীট জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো ।

সংযুক্তিঃ বর্ণনামতে-০৪ (চার) পাতা।

২৮/২/২০২৪
( মোঃ মনিরুজ্জামান )
উপসচিব
ফোনঃ-০২-২২৩৩৫১৮৯২

তঃ প্রকৌশলী (মওঅ)

প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

EE/A

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি / মাস্টার কপি।

গ্রহণ নং 2808 তাং 22/3/24
সহকারী | প্রঃ সহকারী

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ৭০০ তারিখ ঃ- ২৭/৭/২৪
গ্রহণকারী ঃ-
অ: স: | স: প্র: | উ: নি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

হিসাব শাখা-২

স্মারক নম্বর- ২৫.৩৬.০০০০.৩৬০.০১.২০১.২০২৪-৯৩৬

তারিখঃ ০৭/১২/১৪৩০ বঙ্গাব্দ
২১/০৩/২০২৪খ্রিঃ

পূর্ত অডিট অধিদপ্তরের আধা-সরকারি পত্রের স্মারক নং- ৮২.০৯.০০০০.০০৭.৩৬.১৪৭.২৩.৯০৪ তারিখঃ ১৫/০২/২০২৪ থেকে প্রাপ্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের পত্রের (অপর পৃষ্ঠায় বর্ণিত) পত্রের চাহিদার আলোকে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন দপ্তরের ২০২২-২০২৩ আর্থিক সনের ৫৩টি এসএফআই এর মধ্যে অবশিষ্ট চাহিত ৪৯টি এসএফআই অনুচ্ছেদের সুস্পষ্ট প্রমাণকসহ নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, অত্র দপ্তরের স্মারক নম্বর- ২৫.৩৬.০০০০.৩১৪.০১.০০২.২৩.৫ তারিখঃ ১০/০১/২০২৪খ্রিঃ এবং ২৫.৩৬.০০০০.৩৩৬০.০১.২০১.২০২৪-৮৫ তারিখঃ ১৮/০২/২০২৪খ্রিঃ এর মাধ্যমে যথা সময়ে আপত্তি সমূহের জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল।

13/3/24

(মোঃ সাঈদ মাহবুব মোরশেদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মওঅ)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন নম্বর- ০২২২৩৩৮২২০৭

**বিতরণ ০ঃ**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূত জোন (সদয় কার্যার্থে)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল (কার্যার্থে)।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (কার্যার্থে)।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআই এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। বিষয়টি পিডব্লিউডি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস কপি/ গার্ড নথি।

মহাপরিচালকের কার্যালয়
**পূর্ত অডিট অধিদপ্তর**
অডিট কমপ্লেক্স (৩য় তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.worksaudit.org.bd

আয়েশা খানম
মহাপরিচালক
ফোন: +৮৮-০২-২২৬৬৬৩৮৪০
Email: dg.works@cag.org.bd

আধা-সরকারি পত্র নম্বর- ৮২.০৯.০০০০.০০৭.৩৬.১৪৭.২৩.৯০৪ তারিখ: ১৫-০২-২০২৪ খ্রি.

প্রিয় মহোদয়,

আপনার গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের হিসাব নিরীক্ষায় উত্থাপিত অডিট অনুচ্ছেদসমূহের মধ্যে ৫৩ টি Serious Financial Irregularities (SFI) হিসেবে বিবেচনাপূর্বক এ কার্যালয়ের স্মারক নম্বর: ৮২.০৯.০০০০.০০৭.০০.১৪৭.২৩.৮৭০, তারিখ: ০১-০১-২০২৪ খ্রি. পত্রের মাধ্যমে প্রেরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। জবাব প্রদানের নির্ধারিত সময়ের পর স্মারক নম্বর: ৮২.০৯.০০০০.০০৭.৩৬.১৪৭.২৩.৮৯০, তারিখ: ২৪-০১-২০২৪ খ্রি. পত্রের মাধ্যমে তাগিদপত্র প্রেরণ করা হলেও আলোচ্য আর্থিক অনিয়মসমূহের প্রেক্ষিতে নিষ্পত্তির সহায়ক কোন জবাব না পাওয়ায় উক্ত অনুচ্ছেদসমূহকে সিএজি'র অডিট রিপোর্টভুক্ত করার নিমিত্ত খসড়া পাণ্ডুলিপিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য যে, অডিট অনুচ্ছেদসমূহ নিষ্পত্তি/অডিট রিপোর্টভুক্ত হওয়ার ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ে সময়সীমা নির্ধারণ করা আছে। এ প্রেক্ষাপটে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত অনুচ্ছেদসমূহের উপর ০২ (দুই) সপ্তাহের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রদানের জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে, অডিট এনগেজমেন্ট টিম কর্তৃক উত্থাপিত অডিট অনুচ্ছেদসমূহের উপর গণপূর্ত বিভাগের কোন বক্তব্য নেই অথবা মন্ত্রণালয় নিরীক্ষার সাথে সম্পূর্ণ একমত। এমতাবস্থায়, পরবর্তী পদক্ষেপ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ অনুযায়ী অডিট অনুচ্ছেদসমূহ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির ব্যবস্থা গৃহীত হবে এবং ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী উক্ত অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে জাতীয় সংসদে উত্থাপন করা হবে।

এ প্রসঙ্গে আরও উল্লেখ্য যে, অডিট অনুচ্ছেদসমূহ নিষ্পত্তিতে মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রয়েছে। এ বিষয়ে আপনার মন্ত্রণালয়কে সব ধরনের সহযোগিতা করতে পূর্ত অডিট অধিদপ্তর সর্বদা আন্তরিকভাবে ইচ্ছুক। অডিট অনুচ্ছেদসমূহ নিষ্পত্তিকল্পে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য। নিরীক্ষায় পরিলক্ষিত আর্থিক অনিয়মের সংশ্লিষ্ট বিবরণ এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

অতিরিক্ত সচিব (অডিট অনুবিভাগ)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উপ সচিব / সি. সহ. সচিব
অডিট শাখা-১২
ডাইরি নং-
তারিখঃ

আন্তরিকভাবে আপনার

(আয়েশা খানম)

জনাব কাজী ওয়াছি উদ্দিন
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| ক্র. নং | শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| | **SFI অনুচ্ছেদসমূহ** | |
| ১. | Pre-cast pile casting অপেক্ষা driving-এর পরিমাণ বেশি দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | ৪৯,২৬,৪০২ |
| ২. | Foundation trenches হতে উত্তোলিত মাটি ব্যবহার না করে অপ্রয়োজনীয় Earth filling in foundation trenches আইটেম অন্তর্ভুক্ত করে প্রাক্কলন প্রনয়ন ও বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৮,৪৫,২৮৩ |
| ৩. | Pre-Cast Pile Casting কাজের আইটেমের সাথে অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও Breaking head of pile ও Mobilization, Demobilization and hire Charge of driving set আইটেম দুটি আলাদা আইটেম হিসাবে অন্তর্ভুক্ত করে পরিমাপ প্রদর্শনপূর্বক বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২১,১১,৯০০ |
| ৪. | Situ Pile এর Casting Volume এর পরিমান অতিরিক্ত ধরে প্রাক্কলন প্রস্তুত ও বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩২,৬৭,৮৭৮ |
| ৫. | Fundamantal Breach of Contract সংঘটিত হওয়া সত্ত্বেও চুক্তির শর্ত অনুযায়ী অবশিষ্ট কাজের জন্য ক্ষতিপূরণ বাবদ Additional Cost আরোপ ও আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,১৩,১১,৭৫৯ |
| ৬. | বিভাগীয় চার্জ ব্যতীত Deposit Works সম্পাদন করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৪,৭৮,৮৮০ |
| ৭. | পরিত্যক্ত বাড়ীর বিক্রয় মূল্য, বাড়ি ভাড়া ও দোকান ভাড়া আদায়ের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩৩,২৮,৫৯,০৯৬ |
| ৮. | পরিমাপ বহিতে (এমবি) লিপিবদ্ধ পরিমাণ অপেক্ষা ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | ৪,০৮,১৮৪ |
| ৯. | ভবন নির্মাণ শেষে সাইট ডেভেলপমেন্ট (Site Development) এবং সেফটি কেনোপি (Safety Canopy) কাজে ভেরিয়েশন দেখিয়ে অনিয়মিতভাবে অতিরিক্ত ব্যয়ের প্রাক্কলন অনুমোদন এবং বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | ১৭,৮০,১৮৫ |
| ১০. | খননকৃত মাটি অপেক্ষা অতিরিক্ত মাটি অপসারণ করার বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,৯৮,৪২,৭২২ |
| ১১. | Schedule of Rates অপেক্ষা অতিরিক্ত দরে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি টাকা। | ২২,৩৭,২৭৬ |
| ১২. | চুক্তিপত্রের Bill of Quantity (BOQ) তে উল্লিখিত পরিমাণ অপেক্ষা অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২২,৫৯,৯৮,২৯৯ |
| ১৩. | চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় ভ্যাট বাবদ সরকারের রাজস্ব ক্ষতি। | ৩,৩৫,২০,১৯৪ |
| ১৪. | চুক্তিপত্র বাতিল করা হলেও ব্যার্থ ঠিকাদারের Performance Security বাবদ ব্যাংক গ্যারান্টি নগদায়ন না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৬৯,৯৯,৫৭,৩২০ |
| ১৫. | বাজেয়াপ্তযোগ্য নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তপূর্বক সরকারি কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি | ৫৯,৯৩,১৫১ |
| ১৬. | কার্যসম্পাদন না করা সত্ত্বেও এবং তামাদি এড়ানোর লক্ষ্যে ঠিকাদারকে জামানতসহ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১০,৪০,৮৬,১৫৮ |
| ১৭. | গণপূর্ত অধিদপ্তরের জমি অবৈধভাবে দখল রয়েছে, ১৫.৪৭ একর। | ১১৫,৪৫,৯৭,৭৭৭ |
| ১৮. | ঠিকাদারকে অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৪১২,৪৬,৬৩,৪৮১ |

| ক্র. নং | শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১৯. | গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ বাৎসরিক সিলিং সীমার অতিরিক্ত অনিয়মিত ব্যয়। | ৬,৯২,৫৩১ |
| ২০. | প্রয়োজন না থাকা সত্ত্বেও চুক্তিভিত্তিক ভাড়া গাড়ীর বিপরীতে বিল পরিশোধ এবং ডিপিপিতে সংস্থান ও বাজেট বরাদ্দ না থাকা সত্ত্বেও গাড়ি ভাড়া বাবদ বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | ১৫,৫৬,৬৯৮ |
| ২১. | ঠিকাদারকে পরিশোধিত বিল হতে অপসারিত মাটির মূল্য বাবদ Royalty of Earth কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৮৩,৯৭,৪১০ |
| ২২. | চুক্তিমূল্য অপেক্ষা অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৯,১৬,৯৫২ |
| ২৩. | নির্দিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে সুবিধা দেওয়ার উদ্দেশ্যে Technical Specification সার্বজনীন না করে টেন্ডার আহ্বানপূর্বক চুক্তি সম্পাদন ও বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৫,৪৪,০৮৭ |
| ২৪. | জালিয়াতির মাধ্যমে দাপ্তরিক প্রাক্কলিত মূল্য বৃদ্ধি করে ই-জিপিতে দরপত্র আহ্বানের মাধ্যমে চুক্তি সম্পাদনপূর্বক বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | ৫,১৪,৬৪১ |
| ২৫. | এক অর্থ বছরের বিল অন্য অর্থ বছরে অনিয়মিতভাবে পরিশোধ। | ৪০,৫২,৬৭৭ |
| ২৬. | পারফরমেন্স গ্যারান্টির (PG) মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও এর মেয়াদ বৃদ্ধি না করে অনিয়মিতভাবে পরিশোধ। | ১০৮,৭৮,৪৪,০৩৩ |
| ২৭. | অনুমোদিত চুক্তির আইটেম বহির্ভূত কাজ দেখিয়ে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | ৪,৬৪,৯২,০১৩ |
| ২৮. | চুক্তিমূল্যের অতিরিক্ত ভেরিয়েশন অনুমোদনের জন্য নির্ধারিত সময়সীমা লঙ্ঘনপূর্বক ভেরিয়েশন সুপারিশ ও অনুমোদন করা হয়েছে। | ৩৩,২৩,৬৩,৭০৮ |
| ২৯. | কাজ সমাপ্ত হওয়ার পূর্বেই রক্ষণযোগ্য অর্থ (Retention Money) ঠিকাদারকে ফেরত প্রদান করায় অনিয়মিত ব্যয়। | ২,৫৫,৪০,৪২৬ |
| ৩০. | ষ্ট্যাম্প ক্রয়ের পূর্বেই চুক্তি সম্পাদন করেই ঠিকাদারকে অনিয়মিতভাবে বিল পরিশোধ। | ৭২,১৩,৫৪৮ |
| ৩১. | নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে Liquidated Damage (LD) আরোপ করে আদায় না করায় আর্থিক ক্ষতি। | ৬৩,১৯,৮৭,৮৬৩ |
| ৩২. | নিরাপত্তা জামানত কর্তন ব্যতীত অনিয়মিতভাবে বিল পরিশোধ। | ২,৭৫,৬৯,৯২৯ |
| ৩৩. | পুকুর /ডোবা ইজারা প্রদান না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩৬,১০,২৭৫ |
| ৩৪. | জেনারেটর ক্রয়ে ২য় সর্বনিম্ন দরদাতার সাথে যোগসাজশে চুক্তি সম্পাদনপূর্বক বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৭,৬৩,৪৯৬ |
| ৩৫. | আরডিপিপিতে ডিজাইন পরিবর্তনের কারণে সরকারে আর্থিক ক্ষতি। | ১,২৪,১৪,০০০ |
| ৩৬. | অনুমোদিত ভেরিয়েশনে উল্লিখিত পরিমাণ অপেক্ষা অতিরিক্ত পরিমাণে বিল প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৭৫,৫৬৭ |
| ৩৭. | অনুমোদিত দর অপেক্ষা অধিক হারে ভেরিয়েশন অনুমোদন করে অনিয়মিতভাবে ব্যয়। | ১২,৪৭,১২৫ |
| ৩৮. | মেরামত ও রক্ষণাবেক্ষণের বরাদ্দ হতে নির্মাণ কাজে বিল পরিশোধে অনিয়মিতভাবে ব্যয়। | ৭,১৫,৩২,৩৬৩ |
| ৩৯. | পূর্ত কাজের কতিপয় আইটেমে প্রকৃত পরিমান অপেক্ষা অতিরিক্ত পরিমাপ প্রদর্শন করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৫২,০০০ |
| ৪০. | নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি | ২,০২,৬৮,৬১৫ |
| ৪১. | নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৭৭,৪৪,১০৫ |
| ৪২. | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে অতিরিক্ত ব্যয় করায় সরকারের টাকা আর্থিক ক্ষতি। | ৩৩৭,০৩,৫২,০৪১ |
| ৪৩. | পুনরাবৃত্তি কাজ দেখিয়ে ঠিকাদারকে অর্থ পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৯১,০২,৫৫৩ |
| ৪৪. | এয়ার মার্ক করা বরাদ্দ বাড়ীতে বসবাস করা সত্ত্বেও বাড়ী ভাড়া উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,৬৯,৭১৯ |
| ৪৫. | ড্রয়িং ডিজাইন সংশোধন ও বাজার দর যাচাই ব্যতীত নন টেন্ডার আইটেম সংযুক্ত করে প্রাক্কলন অনুমোদন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৯,০২,২৮,৩৬৯ |

| ক্র. নং | শিরোনাম | জড়িত টাকা |
| --- | --- | --- |
| ৪৬. | আদায়কৃত ইঞ্জিনিয়ারিং সার্ভিস ফি সরকারি কোষাগারে কম জমা করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২,৬৮,৮৬২ |
| ৪৭. | প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দিয়ে প্রকল্পের আওতায় অনিয়মিতভাবে ভেরিয়েশন কার্যসম্পাদন দেখিয়ে বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | ৩,৭২,৩১,৫৪৬ |
| ৪৮. | বিভিন্ন ধরনের অকেজো/ব্যবহার অযোগ্য মালামাল নিলামে বিক্রয় না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,৪৫,৬৫৩ |
| ৪৯. | সরাসরি নগদ ক্রয়ে সিলিং সীমার অতিরিক্ত ব্যয়। | ৪৯,৫৬,৭৯১ |
| ৫০. | RAPP বহির্ভূত অনিয়মিত ব্যয়। | ৮,৭৭,১৭,২৯৯ |
| ৫১. | কার্যসম্পাদন না করা সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১,০৮,৮৬,৪০০ |
| ৫২. | পিপিআর, ২০০৮ এর বিধি লঙ্ঘন ও ক্ষমতা বহির্ভূতভাবে ভেরিয়েশন অনুমোদন এর মাধ্যমে সরকারের আর্থিক ক্ষতি। | ১,২৬,৭৫,০১৬ |
| ৫৩. | দরপত্রের মেয়াদ উত্তীর্ণের পর ঠিকাদারের সাথে অনিয়মিতভাবে চুক্তি সম্পাদন ও বিল পরিশোধ। | ৭৯,৪১,০৯,২২২ |
| | মোট | ১৩৫৫,২৬,৩০,৪৭৮ |
| | কথায়: এক হাজার তিনশত পঞ্চান্ন কোটি ছাব্বিশ লক্ষ ত্রিশ হাজার চারশত আটাত্তর টাকা। | |

Selina
১৫/০২/২৪

সেলিনা আক্তার
অডিট এন্ড একাউন্টস অফিসার
পূর্ত অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা-১০০০